

Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain

Members:
Shaban Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzaman

Chittagong Hill Tracts Commission

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির দিঘীনালায় নয় বছরের শিশুকে ধর্ষণের পর নির্মমভাবে খুনের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশনের তীব্র ক্ষোভ ও নিন্দা। অবিলম্বে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি।

৩০ জুলাই ২০১৮, ঢাকা। গত ২৮ জুলাই ২০১৮ তারিখে খাগড়াছড়ি জেলার দিঘীনালায় নয় মাইল নামক এলাকায় চতুর্থ শ্রেণির ছাত্রী কৃত্তিকা ত্রিপুরা (১০) কে ধর্ষণের পরে নির্মমভাবে হত্যা করা হয়। এ নির্মম হত্যাকাণ্ডের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছে। একইসাথে এ ঘটনায় জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে।

সম্প্রতি পার্বত্য চট্টগ্রামে একের পর এক হত্যাকাণ্ড, অপহরণ, নারী নির্যাতনের ঘটনা ঘটলেও এ বিষয়ে স্থানীয় প্রশাসন ও সরকারের দিক থেকে দৃশ্যমান কোন ইতিবাচক পদক্ষেপ গ্রহণের উদ্যোগ দেখা যায়নি। যা রাষ্ট্রীয় বিচারহীনতা সংস্কৃতির অন্যতম উদাহরণ। পার্বত্য চট্টগ্রাম বিষয়ে সরকার ও স্থানীয় প্রশাসনের এমন নির্লিপ্ত ভূমিকায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

পার্বত্য চট্টগ্রামের আইনশৃঙ্খলা পরিস্থিতি কতটা সংকটময় ও উদ্বেগজনক পর্যায়ে রয়েছে সেটি কয়েকটি ঘটনার কথা উল্লেখ করলে আরো স্পষ্ট হবে। চলতি বছরে গত ছয়মাসে পার্বত্য চট্টগ্রামসহ সীতাকুন্ড ও রাউজানে আদিবাসী নারীর ওপর আক্রমণ, ধর্ষণ, হত্যা, অপহরণ, ধর্ষণ ও হত্যার চেষ্টার মতন ঘটনা কমপক্ষে ১৫টি সংঘটিত হয়েছে। তন্মধ্যে ২২ জানুয়ারি রাঙামাটির বিলাইছড়ির দুই মারমা তরুণীকে ধর্ষণ ও যৌন হয়রানির ঘটনা, ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসের দিন খাগড়াছড়ির মাটিরঙ্গায় এক ত্রিপুরা কিশোরীকে ধর্ষণ, ১৩ এপ্রিল বান্দরবানের আলীকদমে এক ত্রিপুরা কিশোরীকে গণধর্ষণ, ১৮ মে সীতাকুন্ডে দুই ত্রিপুরা কিশোরীকে ধর্ষণের পরে হত্যা, ১৭ জুন বান্দরবানের লামায় নিজ বাড়ীতে মারমা কিশোরীকে ধর্ষণের পর হত্যা, ২১ জুন খাগড়াছড়ির জেলা পরিষদ পার্কে এক কিশোরীকে গণধর্ষণ, ৫ জুলাই চট্টগ্রামের রাউজানে এক বৌদ্ধ মন্দিরের অনাথ আশ্রমে এক মারমা কিশোরীকে হত্যা, ৯ ও ১৭ জুলাই কাউখালী ও মহালছড়িতে দুই আদিবাসী কিশোরী ধর্ষণের শিকার ও সর্বশেষ ২৮ জুলাই খাগড়াছড়ির নয় মাইল এলাকায় চতুর্থ শ্রেণির কৃত্তিকা ত্রিপুরাকে ধর্ষণের পর নৃশংসভাবে হত্যার ঘটনা উল্লেখযোগ্য। দুর্বৃত্তরা এতটাই নারকীয় উল্লাসে মেতেছিল যে নয় বছরের ছোট মেয়েটিকে ধর্ষণের পর কুপিয়ে, তার পায়ুপথে গাছের গুঁড়ি ঢুকিয়ে হত্যা করেছে। এ ধরনের নারকীয় হত্যাকাণ্ড, ধর্ষণ ও অপহরণের মত জঘন্য ঘটনাগুলো পার্বত্য চট্টগ্রামে একের পর এক সংঘটিত হওয়ার পরেও এসব অপরাধের কোন বিচার ও অপরাধীদের শাস্তির ব্যবস্থা গ্রহণ না করার দায় সরকার কোনভাবেই এড়াতে পারে না। শুধু নারীর ওপর নির্যাতন, ধর্ষণ, অপহরণ, হত্যার ঘটনাই নয়, পার্বত্য চট্টগ্রামে গত সাত-আট মাসে স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক কর্মী, সাধারণ জনগণের ওপর হামলা ও হত্যার ঘটনায় কমপক্ষে ২৫ জন নিহত ও আরো অনেকে আহত হয়েছে বলে বিভিন্ন সূত্রে ও পত্রিকার মাধ্যমে জানা যায়।

পার্বত্য চট্টগ্রাম কমিশন পাহাড়ের এ বিভীষিকাময় পরিস্থিতি থেকে উত্তরণের জন্য যত দ্রুত সম্ভব যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় প্রশাসন ও সরকারের প্রতি জোর দাবি জানাচ্ছে। একইসাথে এসব নৃশংস ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্যও জোর আহ্বান জানাচ্ছে।


Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain

Members:
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman


Chittagong Hill Tracts Commission

এ যাবত সংঘটিত ঘটনায় যারা হতাহত ও ক্ষতির শিকার হয়েছেন তাদের ও তাদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর সমবেদনা জানাচ্ছে। এসব ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর যথাযথ ক্ষতিপূরণ প্রদান ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারের প্রতি পার্বত্য চট্টগ্রাম কমিশন জোরালো আহবান জানাচ্ছে।

ধন্যবাদসহ,



সুলতানা কামাল
কো-চেয়ারপার্সন



এলসা স্টামাতোপোলৌ
কো-চেয়ারপার্সন



মিনা কানিংহাম কেইন
কো-চেয়ারপার্সন

সদস্য: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি' কস্টা।

উপদেষ্টা: ইয়েনেকি এরেঞ্জ, টম এক্সিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।